দৈনিক সংবাদ

তারিখ 19 AUG 1988
পৃষ্ঠা ৫ কলাম ৬



## প্রাইমারী স্কুলের গ্রাজুয়েট শিক্ষকদের বেতনক্রম প্রসঙ্গে

বিভিন্ন প্রাইমারী স্কুলে শিক্ষকতায়রত গ্রাজুয়েট ও মাষ্টার ডিগ্রীধারী শিক্ষকদের বেতনক্রম সহকারী শিক্ষকদের বেলায় ৬০০ টাকা ও প্রধান শিক্ষকদের বেলায় ৬৫০/-স্কেলে হওয়া মোটেই কাম্য নহে। এইচ,এস,সি পাস (কোনরূপ প্রশিক্ষণ ছাড়া) একজন কেরানীর স্কেল ৭১০/-টাকা। পক্ষান্তরে ১ বছর প্রশিক্ষণের পর প্রধান শিক্ষকের স্কেল ৭৫০ টাকা। কেরানী থেকে ৫০ টাকা মাত্র বেশী। এমতাবস্থায় যোগ্যতা অনুসারে প্রাথমিক শিকদের নতুন পে-স্কেল প্রবর্তন করা প্রয়োজন বলে সবার ধারণা।

এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় ও সদাশয় সরকারের শুভ দৃষ্টি কামনা করছি।

রমনী রঞ্জন চাকমা রনি,
ফেনী পি,টি,আই ফেনী।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাসের সংখ্যা বাড়ান

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের চলাফেরার একমাত্র মাধ্যম হচ্ছে বাস। বিশ্ববিদ্যালয় এলাকায় দৈনিক হাজার হাজার ছাত্র-ছাত্রী চলাফেরা করে থাকে কিন্তু এর তুলনায় বাসের সংখ্যা নিতান্ত অপ্রতুল। প্রত্যেকটি বাসে অসম্ভব ভিড় হয়। ছাত্র ছাত্রীরা জীবনের ঝুকি নিয়ে একস্থান থেকে অন্য স্থানে যাতায়াত করে থাকে।

কর্তৃপক্ষ সমীপে আবেদন, অবিলম্বে বিশ্ববিদ্যালয় এলাকায় বাসের সংখ্যা বৃদ্ধি করে ছাত্র-ছাত্রীদের দুর্ভোগ লাঘব করুন।

মোঃ শাহাব উদ্দিন আহমদ
এম, এ শেষ পর্ব
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।